

রোল নং

--	--	--	--	--	--	--	--	--	--

মুদ্রিত পৃষ্ঠা কী সংখ্যা : 4

006

206(HOD)

2022

বঙ্গালী

সময় : 3 ঘণ্টা]

[পূর্ণাংক :

সময় - 3 ঘণ্টা

100

নির্দেশ:-

পূর্ণমান - 100

নির্দেশ:- এই প্রশ্ন পত্র দুই ভাগে বিভক্ত 'ক' এবং 'খ'। দুইটি বিভাগের প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেওয়া অনিবার্য। নিচের প্রশ্নগুলির যথাযথ ও পরিমিত উত্তর দাও। নির্ভুল উত্তর, শুদ্ধ বানান ও পরিষ্কার-পরিচ্ছন্ন লেখা একান্ত বাঞ্ছনীয়। প্রত্যেকটি প্রশ্নের নির্ধারিত অঙ্ক তাহার সম্মুখে অঙ্কিত।

বিভাগ-'ক' (Section-'A')

(60
Marks)

1. (ক) সন্ধি কর : পাঁচ+এক, প্র+ছন্ন, মনঃ+নীত, হেম+আদ্রি, বন+ঈশ্বরী
(খ) সন্ধি বিচ্ছেদ কর : উজ্জ্বল, নীলাকাশ, সিংহাসন, পরমানন্দে, হোমানলে
2. কর্মধারায় ও দ্বন্দ্ব সমাস কাকে বলে ? দুইটি সমাসের মধ্যে পার্থক্যটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
3. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর -
i এই মাটি আমার চোখে সোনা (জটিল বাক্য)
ii পাড়ায় পাড়ায় উঠে উৎসব, বন্ধ মাঠের কাজ। (সরল বাক্য)
4. সাধু ও চলিত ভাষার কয়েকটি মূল পার্থক্য লেখ।
5. একই শব্দকে বিভিন্ন অর্থে ব্যবহার করে লেখ -
i কান:- মনোযোগ অর্থে-
কুমন্ত্রণা অর্থে-
ii কথা:- মত জানা অর্থে-
গল্পে অর্থে-
iii জল:- নষ্ট হওয়া অর্থে-
সাধারণ অর্থে-
iv কাঁটা:- শেষ হওয়া অর্থে-
নষ্ট করা অর্থে-
v শরীর/গা:- বমির ভাব অর্থে-
মনোযোগ অর্থে-

206 (HOD)

[1]

[P.T.O.]

০. (ক) প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা কর এবং একটি উপযুক্ত শিরোনাম দাও। 10

ভূমিকা :- গ্রামগুলির স্বয়ংসম্পূর্ণতা সৃষ্টিতে হাটের ভূমিকা - হাটের অর্থনৈতিক ও বাণিজ্যিক অবদান - হাটের স্থান - হাটে যাতায়াতের ব্যবস্থা - হাটও বাজারের পার্থক্য - হাটের ভিড় ও বেচাকেনার দৃশ্য - ভাবের আদান প্রদান - উপসংহার।

(খ) প্রদত্ত সংকেত অনুসারে একটি গল্প লেখ এবং একটি উপযুক্ত শিরোনাম দিয়ে গল্পের শিক্ষা বিষয় লেখ। 10

গল্প সংকেত :- এক বৃদ্ধের দুইটি পুত্র ছিল - পুত্রদের মধ্যে যে বেশি বুদ্ধিমান তাকেই তিনি সম্পত্তির দায়িত্ব দিতে চেয়েছিলেন - পুত্রদের মধ্যে বিবাদ বাঁধলো - বৃদ্ধ প্রত্যেককে চারটি পয়সা দিলেন - চার পয়সার কিছু কিনে এনে ঘরটি ভরে দিতে হবে - বড় ছেলে খড় এনে মেঝেটা ভরে দিলো - ছোট ছেলে একটা মোমবাতি এনে জ্বালিয়ে দিলো - বৃদ্ধ বুঝলেন বুদ্ধি কার বেশি।

(গ) যে কোনো একটি পত্র লেখ:- 10
তোমার দিদির বিবাহ উপলক্ষে তোমার কোনো এক বন্ধুকে একখানি আমন্ত্রণ পত্র লেখ।

অথবা

তোমার গ্রামের রাস্তা-ঘাট, পানীয় জল, প্রভৃতির সমস্যার কথা জানিয়ে পঞ্চায়ত প্রধানের কাছে একটি আবেদন পত্র লেখ।

7. নিচের গদ্যাংশটির ভাব নিজের ভাষায় লেখ:- 5
জগৎ জুড়িয়া এক জাতি আছে,
সে জাতির নাম মানুষ জাতি।

বিভাগ-‘খ’ (Section-‘B’)

(40 Marks)

গদ্যাংশ (Prose Portion)

8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :- 3 x 4 = 12

- তুমি কোথা হইতে আসিতেছ? নদী উত্তর করিত ‘মহাদেবের জটা হইতে।’ - কোন পরিস্থিতিতে লেখক নদীকে ‘কোথা হইতে আসিতেছ’ বলে প্রশ্ন করিতেন ?
- মহাদেবের জটা থেকে নদী কিভাবে এসেছে তার পৌরাণিক কাহিনীটি সংক্ষেপে বর্ণনা কর।
- ‘বাড়ির ভিতর আমাদের যে বাগান ছিল, তাহাকে বাগান বলিলে অনেকটা বেশি বলা হয়।’ - ওই বাগান সম্পর্কে এ কথা বলার কারণ কি?
- শরৎকালে লেখক ওই বাগানটিকে কিভাবে উপভোগ করতেন?

9. সন্দর্ভ ও প্রসঙ্গ সহিত উল্লেখ পূর্বক ব্যাখ্যা লেখ:-

3x2=6

- (ক) 'সে যেমন নিরীহ, তেমনি গরিব, সুতরাং প্রতিবেশী কেহ তাহাকে এতবড়ো শাস্তি দিতে পারে এ ভয় তাহার হয় নাই' - সে যে নিরীহ ও গরিব, তার পরিচয় দাও।
- (খ) 'জ্ঞানবৃক্ষের ফল খাওয়ার পর হইতে যে - পর্যন্ত না সে ফলটাকে সম্পূর্ণ হজম করিতে পারিতেছে, সে পর্যন্ত মানুষের সাজ-সজ্জার প্রয়োজন কেবলই বাড়িয়া উঠিতেছে।' -কি প্রসঙ্গে এই কথা বলা হইয়াছে?

পদ্যাংশ (Poetry Portion)

10. (ক) "গঙ্গা নামে সত্য তার তরঙ্গ এমনি।

3

জীবন স্বরূপা সে স্বামীর শিরোমনি।"

- (i) কার কোন কবিতা থেকে অংশটি সংকলিত? কবিতার এই অংশে স্বামীর শিরোমনি কাকে বলা হয়েছে?
- (ii) গঙ্গা নামে কথাগুলির অর্থ কি কি? উক্তিটির মধ্যে দিয়ে কবি কি বোঝাতে চেয়েছেন?

(খ) "প্রাণের হাসি হাতে জানে, খুলতে জানে মনের কল,
ওই যে দুষ্ট, ওই যে চপল, -ওই আমাদের ছেলের দল।"

3

- (i) উদ্ধৃতিটি কোন কবির কোন কবিতার অন্তর্গত? এখানে কাদের কথা বলা হয়েছে?
- (ii) এই উদ্ধৃতিটির মূল বক্তব্য বিশ্লেষণ কর।

11. স-প্রসঙ্গ সন্দর্ভ সহিত ব্যাখ্যা কর:-

6

"দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,
ছিড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিন্মত?
কে আছে জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ।
এ তুফান ভারী, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।।

অথবা

মানুষ হয়ে ওরা সবাই অমানুষী শক্তি ধরে,
যুগের আগে এগিয়ে চলে, হাস্যমুখে গর্বভরে;
প্রয়োজনের ওজন মতো আয়োজন সে করতে পারে,
ভগবানের আশীর্বাদে বইতে পারে সকল ভারে।

('রাজকাহিনী' হইতে)

12. 'রাজকাহিনী' হইতে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- 10
১. 'বড় ক্ষুদা, বড় পিপাসা, রক্ত না হলে এ পিপাসার শান্তি নেই, মহারানা, ওঠো, জাগো, দেশের জন্য বুকের রক্তপাত কর।'
- (i) এই উক্তিটি কে কাকে বলেছেন ? 02
- (ii) রানা ভীমসিংহ দেবী মূর্তির ভিতর পদ্মিনী কে দেখে কি মনে করলেন ? 03
- (iii) চিতোরের রাজমুকুট মাথায় পরিয়ে দিয়ে কাকে যুদ্ধের ভার দেওয়া হয়েছিল ? 05

অথবা

২. 'তারপর তুমি যখন রাজা হবে, আমায় এই মন্দির থেকে রাজবাড়িতে নিয়ে যেও।'
- (i) উক্তিটি কে কাকে বলেছেন ? 02
- (ii) কোন উদ্দেশ্যে এই কথাটি বলা হয়েছে ? 03
- (iii) উক্তি সম্পর্কে ঘটনাটি সংক্ষেপে বর্ণনা কর। 05